



# জনতা ব্যাংক লিমিটেড

উন্নয়নে আপনার বিশ্বস্ত অংশীদার



মানিলভারিং একটি শাস্তিযোগ্য অপরাধ।  
মানিলভারিং প্রতিরোধে আপনি নিজে  
সচেতন হোন এবং অন্যকে সচেতন করুন।



মানিলভারিং প্রতিরোধকল্পে হিসাব পরিচালনা ও  
বিভিন্ন আর্থিক লেনদেনের ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্য  
সরবরাহ করে ব্যাংকারদের সহযোগিতা করুন।



আপনার হিসাবের প্রয়োজনীয় হালনাগাদ তথ্য দিয়ে  
KYC পরিপালনে ব্যাংকারদের সহায়তা করুন  
এবং আপনার হিসাব নিরাপদ ও নিয়মিত রাখুন।



আপনার ব্যাংক হিসাব, ডেবিট ও ক্রেডিট কার্ড এবং  
চেক সংক্রান্ত জালিয়াতি রোধে সতর্ক হোন।



অন্যের প্ররোচনায় আপনার হিসাবের মাধ্যমে  
অবৈধ লেনদেন বা সন্ত্রাসী কর্মকাণ্ডে অর্থায়ন  
যাতে না হতে পারে সে ব্যাপারে সতর্ক থাকুন।



বিদেশ থেকে ব্যাংকিং চ্যানেলে অর্থ  
প্রেরণ ও গ্রহণ করুন। ছুড়িকে বর্জন করুন।

**আসুন আমরা সকলে মিলে মানিলভারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ করি।**



# জনতা ব্যাংক লিমিটেড

উন্নয়নে আপনার বিশ্বস্ত অংশীদার

## সতর্ক থাকুন ও সচেতন হোন

\* বাংলাদেশ সরকার অবৈধ অর্থ/সম্পদ আহরণ, অর্থ/সম্পদ পাচার, মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এবং সন্ত্রাসবিরোধী আইন, ২০০৯ জারি করেছে। উক্ত আইনদ্বয় বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ)- এর সার্বিক তত্ত্বাবধানে সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান ও অন্যান্য সংশ্লিষ্ট সংস্থাসমূহের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে।

\* মানিলভারিং প্রতিরোধ আইনে উল্লিখিত, নিম্নোক্ত সম্পৃক্ত অপরাধসমূহের সাথে জড়িত অর্থ/সম্পদ ও সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠান এর বিষয়ে সতর্ক থাকুন।

দুর্নীতি ও ঘুষ	কর সংক্রান্ত অপরাধ	ভেজাল বা স্বত্ব লংঘন করে পণ্য উৎপাদন
মেধাস্বত্ব লংঘন	খুন, মারাত্মক শারীরিক ক্ষতি	চুরি বা ডাকাতি বা দস্যুতা বা জলদস্যুতা বা বিমান দস্যুতা
মুদ্রা জালকরণ	অবৈধ অস্ত্রের ব্যবসা	চোরাচালানী ও শুষ্ক সংক্রান্ত অপরাধ
চোরাকারবার	দেশী ও বিদেশী মুদ্রা পাচার	ইনসাইডার ট্রেডিং ও মার্কেট ম্যানুপুলেশন
চাঁদাবাজি	নারী ও শিশু পাচার	চোরাই ও অন্যান্য দ্রব্যের অবৈধ ব্যবসা
প্রতারণা	সন্ত্রাস ও সন্ত্রাসী কার্যে অর্থ যোগান	অপহরণ, অবৈধভাবে আটকে রাখা ও পণবন্দী করা
জালিয়াতি	দলিল দস্তাবেজ জালকরণ	সংঘবদ্ধ অপরাধ বা সংঘবদ্ধ অপরাধী দলে অংশগ্রহণ
যৌন নিপীড়ন	মানব পাচার	ভীতি প্রদর্শনের মাধ্যমে অর্থ আদায়
যৌতুক	পরিবেশগত অপরাধ	অবৈধ মাদক ও নেশা জাতীয় দ্রব্যের ব্যবসা

\* প্রতারক, চাঁদাবাজ বা অপহরণকারীরা ফাঁদে ফেলে নিরীহ ব্যাংক গ্রাহকদের (একাউন্ট) সমুদয় টাকা কুক্ষিগত করে থাকে। তাই স্যোশাল মিডিয়ায় বন্ধু সেজে গিফট, পার্সেল, চাকুরী দেওয়া, লটারীর পুরস্কার, অলৌকিক ধন- সম্পদ প্রাপ্তিসহ বিভিন্ন প্রলোভনের ফাঁদে পা দিবেন না। একইভাবে গুম, অপহরণের ভয় দেখিয়ে অথবা প্রবাসীদের জিম্মি করে - চাঁদাবাজি বা অর্থ আদায়ের অসৎ প্রচেষ্টার বিষয়ে আইন প্রয়োগকারী কর্তৃপক্ষকে এবং প্রয়োজনে আপনার ব্যাংককে অবহিত করুন।

\* আপনার হিসাবের গোপন তথ্য যেমন: একাউন্ট নম্বর/ব্যালেন্স, চেক বই, কার্ড নম্বর, পিন নম্বর, পাসওয়ার্ড ইত্যাদি অন্য কাউকে দেওয়া থেকে বিরত থাকুন। ব্যাংকের কর্মকর্তাগণ কখনোই আপনার কাছে এসব তথ্য জানতে চায় না।

\* ছুড়ি কার্যক্রম দেশের অর্থনীতির জন্য ক্ষতিকর। ছুড়ির মাধ্যমে অর্থ প্রেরণ, অর্থ গ্রহণ ও ছুড়ির কাজে সহায়তাকরণ- মানিলভারিং প্রতিরোধ আইনে শাস্তিযোগ্য অপরাধ। ব্যাংকিং চ্যানেলে দেশে রেমিটেন্স এনে সরকার ঘোষিত আকর্ষণীয় প্রণোদনা গ্রহণ করে লাভবান হোন।

\* অননুমোদিত বৈদেশিক বাণিজ্য, আন্তর্জাতিক নিষেধাজ্ঞা (Sanction) লংঘন, অনলাইন গেমিং ও ভার্টুয়াল মুদ্রা (বিটকয়েন, লিটকয়েন, নেমকয়েন ইত্যাদি) - এর অবৈধ লেনদেন থেকে বিরত থাকুন।

\* উপরোক্ত অবৈধ কার্যাবলীর মাধ্যমে অপরাধীরা নিরীহ গ্রাহকগণ/ ব্যাংককে প্রতারিত করতে পারে। সুতরাং ব্যাংকে হিসাব খোলার ক্ষেত্রে, গ্রাহক পরিচিতি এবং লেনদেন সম্পর্কিত সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সরবরাহ করে ব্যাংক তথা দেশকে সহায়তা করুন।

\* উল্লিখিত বেআইনি কর্মকাণ্ড সংঘটন বা সংঘটনে সহযোগিতার জন্য মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ অনুযায়ী অর্থদণ্ডসহ সর্বোচ্চ ১২ বছর কারাদণ্ড এবং সন্ত্রাসবিরোধী আইন, ২০০৯ অনুযায়ী সন্ত্রাসী কর্মকাণ্ডের জন্য সর্বোচ্চ মৃত্যুদণ্ড- এর বিধান রয়েছে।

**আসুন আমরা সবাই ঘুষ, দুর্নীতি, মানিলভারিং, সন্ত্রাস, জঙ্গীবাদসহ সকল আর্থিক অপরাধ প্রতিহত করে অপরাধমুক্ত দেশ গড়তে প্রতিজ্ঞাবদ্ধ হই।**